



স্মারক নং: বশিবো/উমা/৩০১

তারিখ: ২৬ জুলাই, ২০২১

এসএসসি/সমমান ও এইচএসএসসি/সমমান পরীক্ষা-২০২১ এর ৪র্থ বিষয় সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

উপরিউক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে এ বছর ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসএসসি/সমমান পরীক্ষা শুধু গ্রুপ ভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ হবে। আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের কোনো পরীক্ষা গ্রহণ করা হবে না। বিশেষজ্ঞ কমিটির সুপারিশক্রমে জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার নম্বরের ভিত্তিতে সাবজেক্ট ম্যাপিং করে আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়ের নম্বর প্রদান করা হবে।

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড অনুযায়ী ৪র্থ বিষয়ের নম্বর সাবজেক্ট ম্যাপিং এর মাধ্যমে এসএসসি/সমমান ও এইচএসএসসি/সমমান পরীক্ষা-২০২১ এর ফলাফলে নম্বর প্রদান করা হবে। এক্ষেত্রে উচ্চ শিক্ষায় ভর্তিতে কোনো রকমের নেতিবাচক প্রভাব পড়বে না। এ মুহূর্তে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে ৪র্থ বিষয় পরিবর্তন বা সংশোধনের কোনো সুযোগ নেই।

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে উদ্বিগ্ন না হওয়ার অনুরোধ করা হলো।

২৬.০৭.২০২১

অরুন কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০৪৩১-৬৪০৮৫ (অফিস)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

উপরোক্ত নোটিশের আলোকে শিক্ষার্থীদের প্রস্তুতি নেওয়ার জন্য বলা হলো।

২৬.০৭.২০২১

প্রফেসর গোলাম মোস্তফা-৭৩১১

অধ্যক্ষ

মঠবাড়িয়া সরকারি কলেজ

মঠবাড়িয়া, পিরোজপুর।

মোবাইল: ০১৭৪৮৭১৩০৪০

E-mail: golammostofa7311@gmail.com